



জেলা পর্যায়ে ২০২২-২০২৩ অর্থবছরের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি মোঃ জাহাঙ্গীর হোসেন
জেলা প্রশাসক
সভার তারিখ ১৪ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময় সকাল ১১:০০ ঘটিকা
স্থান জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেলা পর্যায়ে নৈতিকতা কমিটির সদস্য সচিব অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ মোতাবেক নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১। গত সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ	সভায় গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণী পাঠ করা হয়।	গত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি
০২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/ মাঠ পর্যায়ে কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা নির্বাহী অফিসারগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণপূর্বক নিম্নলিখিত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
০৩। নিয়মিত সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোডকরণ	২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোডের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালের নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
০৪। ওয়েবপোর্টালে শুদ্ধাচার কৌশলের জন্য নির্ধারিত সেবা বক্স হালনাগাদকরণ	জেলা ও উপজেলা প্রশাসনের সকল শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সেবা বক্সের তথ্যাদি নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালের ওয়েবপোর্টালে প্রদত্ত “শুদ্ধাচার কৌশল” বক্সের আদলে প্রণয়নপূর্বক জেলা ও উপজেলা প্রশাসনের সকল ওয়েবপোর্টালের শুদ্ধাচার বক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। খ) শুদ্ধাচার বক্সের সকল তথ্য ত্রুটিমুক্তভাবে হালনাগাদ ও সমৃদ্ধ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল এবং সদস্য সচিব, নৈতিকতা কমিটি; উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল; প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল

০৫। কার্যবিবরণীর সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসারগণ নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক প্রতিটি সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রমাণকসহ প্রেরণ করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
--	---	--	--------------------------------------

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাহাজীর হোসেন
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.০৬০০.১০৭.৫৮.০১৫.২৩-১১১

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ৪) উপ পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল
- ৫) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বরিশাল
- ৬) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বরিশাল
- ৭) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বরিশাল
- ৮) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), বরিশাল
- ৯) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল
- ১০) সহকারী কমিশনার (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
- ১১) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরিশাল
- ১২) জেলা ট্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল
- ১৩) প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।



মোঃ জাহাজীর হোসেন
জেলা প্রশাসক